

সম্পাদক
শাহদত চৌধুরী

নির্বাচী সম্পাদক
গোলাম মোর্তেজা

সিনিয়র প্রতিবেদক
জয়স্ত আচার্য
বদরুল আলম নাবিল

প্রতিবেদক
আসাদুর রহমান, জৰুর হোসেন
কুছুল তাপস, সাজেদুর রহমান
সহযোগী প্রতিবেদক
হাসান মূর্তাজা

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, ভুটন চৌধুরী
ফাহিম হসাইন, পারভীন তানী
জাহাঙ্গীর আলম জুরেল

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর
বিদেশ প্রতিনিধি

জসিম মল্লিক কানাডা
মুনাওয়ার হসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক

নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুননেসা পিয়ারী বালীন
কাজী ইনসান টোকিও

প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ
প্রধান প্রাফিক্স ডিজাইনার
নূরুল করীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপর্ব
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ

৯৬-৯৭ নিউ ইকার্টন, ঢাকা-১০০০
পিএবিএরু : ৯৩৫০৯৫১ - ৩

সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯৮

ফ্যাক্স : ৯৩৫০৯৫৪


চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৮০০০
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিবিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রাঙ্কাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

এই পত্তীর সাংগতিক
২০০০



আওয়ামী লীগ কী
নির্বাচন বর্জন করবে

7 el @ 47 msL v 15 Grcj 2005

ৰা

জপথে এখন রাজনৈতিক উত্তাপ নেই। রাজনীতিতে ঘোলাটে এক পরিস্থিতি বিরাজ করছে। পর্দার অন্তরালে ঘটছে নানা হিসাব। আওয়ামী লীগের তত্ত্ববধায়ক সরকার ও নির্বাচন কমিশন সংস্কার ছাড়া আগামী নির্বাচন বর্জনের ঘোষণা রাজনীতিতে এক জটিল পরিস্থিতির সৃষ্টি করেছে। জনমনে দেখা দিয়েছে সংশয়। প্রশ্ন উঠেছে আওয়ামী লীগ নির্বাচন বর্জন করলে দেশের পরিণতি কি হবে! রাজনীতিতে আওয়ামী লীগ কি লাভবান হবে!

এদিকে জোটেও চলছে টানাপড়েন। ইসলামী ঐক্যজোট এখন জোটের বিরুদ্ধে প্রকাশ্যে অবস্থান নিয়েছে। নাজিউর রহমান মঙ্গুর বক্তব্যে জোটে নতুন সমস্যা সৃষ্টি করেছে। সব মিলে বেশ বেকায়দায় বিএনপি। আওয়ামী লীগ সরকারের সময় দেশে কয়েকজন গড়ফাদারের জন্য হয়। সন্ত্রাস বাড়তে থাকে। ক্ষমতার পালাবদলে সন্ত্রাসীরা আরো বেপরোয়া হয়ে ওঠে। ক্রমবর্ধমান সন্ত্রাস দমনে বিএনপি সেনাবাহিনী দিয়ে ক্লিনহার্ট অপারেশন চালায়। এই অপারেশনের সফলতা ধরে রাখতে গঠন করা হয় র্যাব। সাড়ে দিন বছর জোট সরকারের শাসনামলে বাড়ে দ্রব্যমূল্য, তীব্র হয়েছে বিদ্যুৎ সঞ্চাট। র্যাবের ওপর ভর করে বিএনপি বেশ সুবিধাজনক অবস্থানে ছিল। মানবাধিকার লজনের অভিযোগ থাকলেও র্যাব সন্ত্রাস দমনে বেশ সফলতা পেয়েছিল। এক বছরের মাথায় এসে ডাকাতি, ছিনতাইয়ের সঙ্গে র্যাব জড়িয়ে পড়ায় সফলতা প্রশংসিত হয়েছে। বিএনপি র্যাবকে নিয়েও এখন বেকায়দায়।

সবকিছু মিলে এখন দেশে জটিল পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। জনগণ এ অবস্থা থেকে পরিত্রাণ চায়, চায় সুন্দরভাবে বাঁচতে। জনগণকে সুন্দর জীবনের প্রতিশ্রুতি দিতে হবে রাজনৈতিক নেতাকেই। শুধু ক্ষমতার ভাগ-বাটোয়ারার কথা নয়, ভাবতে হবে জনগণের কথা।

